গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.edwardcollege.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com

স্মারক নং-সএক/ ১১১৭ তারিখ- ০৫/১১/২০২৫ খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে অত্র কলেজে ০৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রী (পাস) কোর্সে ১ম বর্ষে ( বি.এ/ বি.এস.এস/ বি.বি.এস/ বি.এসসি) ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম অনলাইনে নিম্নলিখিত তারিখ ও সময়সূচী অনুযায়ী সম্পন্ন করা হবে।

### ১। চুড়ান্ত ভর্তি ফরমপূরণ, জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ ফি জমাদানের নিয়মাবলী

| ক্রমিক | শিক্ষার্থীর করণীয় | | | তারিখ |
|---|---|---|---|---|
| ক) | জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions ) থেকে অনলাইনে চুড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: | | | ০৬/১১/২০২৫ থেকে ১৬/১১/২০২৫ |
| খ). | শিক্ষার্থী কর্তৃক চুড়ান্ত ভর্তি ফরমসহ ভর্তি ফি কলেজে জমাদান ঃ ভর্তি ফি-এর বিবরণ ঃ ( বি.এ/ বি.এস.এস/ বি.বি.এস/ বি.এসসি) | বি.এ/বি.এস.এস / বি.বি.এস | বি.এসসি | ০৬/১১/২০২৫ থেকে ১৭/১১/২০২৫ |
| | ১) কলেজের বেতন ও সেশন | ২৭৯১.০০ | ২৮৯১.০০ | |
| | ২) নির্বাচনী পরীক্ষা ফি | ৩৫০.০০ | ৩৫০.০০ | |
| | ৩) ইনকোর্স ফি | ২০০.০০ | ২০০.০০ | |
| | ৪) ব্যবস্থাপনা ফি | ৫০.০০ | ৫০.০০ | |
| | ৫) জাতীয় বিশ্ববিদ্যালয় রেজি. ফি | ৭২০.০০ | ৭২০.০০ | |
| | সর্বমোট= | ৪১১১.০০ | ৪২১১.০০ | |
| গ) | ** টাকা প্রদানের পদ্ধতি ঃ ভর্তির টাকা কলেজের নির্দিষ্ট সফটওয়ার লিংক- (সংযুক্ত নমুনা ফরম অনুযায়ী)-এ প্রবেশ করে নির্ধারিত ধাপসমূহ অনুসরন করে সম্পন্ন করতে হবে। ESHIKSA.COM | | | |
| (ঘ) | চুড়ান্ত ভর্তি ফরম জমাদানের স্থান ও সময় ঃ প্রশাসনিক ভবনের নীচ তলায় (হিসাব রক্ষকের অফিসের পাশে) ভর্তি কমিটির নিকট (ছুটির দিন ব্যতিত) ০৬/১১/২০২৫ থেকে ১৭/১১/২০২৫ খ্রি.বেলা ১০.৩০ টা হতে ২.৩০ টা পর্যন্ত। | | | |

২। **পাঠ্যক্রম ও পাঠ্যসূচি ঃ** একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রণীত ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ০৩ ( তিন) বছর মেয়াদী ডিগ্রী পাস কোর্সের পাঠ্যক্রম ও পাঠ্যসূচি সংক্রান্ত রেগুলেশনে বর্ণিত বিষয়গুচ্ছ অনুযায়ী শিক্ষার্থীকে পাঠ্য বিষয় নির্বাচন করতে হবে।

**পাঠ্যক্রম ও পাঠ্যসূচি নিম্নরূপ ঃ**

| ডিগ্রী(পাস)কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | ঐচ্ছিক/নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| বি.এ (পাস) | ১)স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা( ২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | নিম্নে প্রদত্ত গুচ্ছসমূহের যে কোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নির্বাচন করা যাবে না।<br>ক-গুচ্ছ ঃ ইতিহাস /ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>খ-গুচ্ছ ঃ দর্শন<br>গ-গুচ্ছ ঃ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ রাষ্ট্রবিজ্ঞান<br>ঘ-গুচ্ছ ঃ ইসলামী শিক্ষা/ গণিত |
| বি.এস.এস (পাস) | ১)স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা( ২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক- গুচ্ছ থেকে ০২ (দুটি) এবং খ-গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br>ক-গুচ্ছ ঃ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ রাষ্ট্রবিজ্ঞান<br>খ-গুচ্ছ ঃ ইতিহাস /ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলামী শিক্ষা/দর্শন/ আরবী |
| বি.বি.এস (পাস) | ১)স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা( ২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক- গুচ্ছ থেকে ০২ (দুটি) এবং খ-গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br>ক-গুচ্ছ ঃ হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা<br>খ-গুচ্ছ ঃ ফিন্যান্স এন্ড ব্যাংকিং/ মার্কেটিং/অর্থনীতি |
| বি.এসসি (পাস) | ১)স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক- গুচ্ছ থেকে ০২ (দুটি) এবং খ-গুচ্ছ থেকে ০১ (একটি)<br>অথবা<br>গ-গুচ্ছ থেকে ০২ (দুটি) ও ঘ-গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br>ক-গুচ্ছ ঃ পদার্থবিজ্ঞান ও গণিত<br>খ-গুচ্ছ ঃ রসায়ন/উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিজ্ঞান<br>অথবা<br>গ-গুচ্ছ ঃ উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান<br>ঘ-গুচ্ছ ঃ রসায়ন/পদার্থবিজ্ঞান / গণিত |

৩। শর্তসমূহ ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ অথবা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

খ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

গ) ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে ভর্তি ফরমে কোন তথ্য ভুল বা অসম্পূর্ন বলে প্রমানিত হলে তার ভর্তি ফরম / চুড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৪। ভর্তি ফরমের সাথে যেসকল কাগজাদি জমা দিতে হবে ঃ

ক) এস.এস.সি/ সমমান ও এইচ.এস.সি / সমমান পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

বিস্তারিত জানার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions থেকে ভর্তি নির্দেশিকা দেখার জন্য বলা হলো।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মোঃ আব্দুল আউয়াল মিয়া)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

৫/১১/২৫
(মো. রফিকুল ইসলাম)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি
ও
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি ২০২৪-২০২৫
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং-সএক/ ১১১৭/২৫

তারিখঃ ০৫/১১/২০২৫ খ্রি.

**অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ**

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২০। আহবায়ক, ডিগ্রী পাস কোর্স পরিচালনা কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২১। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)

২২। হিসাবরক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২৩। অফিস নথি।

৫/১১/২৫
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি ২০২৪-২০২৫
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
তারিখ: ০৫/১১/২০২৫